



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com



স্মারক নং : সিশিবো/পনি/উমা/পুনঃনিরীঃ/২০২২/২০৯

তারিখঃ ২৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২২ পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আন্তঃ শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট- এর এইচএসসি পরীক্ষা-২০২২ এর পুনঃ নিরীক্ষণের জন্য শুধুমাত্র টেলিটক মোবাইলের মাধ্যমে ০৯/০২/২০২৩ হতে ১৫/০২/২০২৩ তারিখ পর্যন্ত আবেদন করা যাবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের জন্য পরীক্ষার্থী একটি পত্রে কিংবা দুইটি পত্রে আবেদন করতে পারবে।


আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর<Space> বিষয় কোড লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণঃ সিলেট বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 100001 হলে এবং পরীক্ষার্থী আবেদন করতে চাইলে Message অপশনে RSC Syl 100001 174 লিখে Send করতে হবে 16222 নম্বরে। ফিরতি এসএমএস-এ আবেদন বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN নম্বর প্রদান করা হবে। এতে সম্মত হলে ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> Yes <Space> PIN <Space> Contact Number (আবেদনকারীর যে কোন মোবাইল নম্বর) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উল্লেখ্য, পুনঃ নিরীক্ষণের ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের (যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে) জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয়/পত্র কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন-পদার্থ ও রসায়ন দুটি বিষয়ের জন্য টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে RSC <Space> Syl <Space> Roll Number <Space> 174,175,176,177 লিখতে হবে। এ ক্ষেত্রে প্রতিটি পত্রের জন্য ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

সংশোধিত ফল যথাসময়ে www.sylhetboard.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং www.educationboardresults.gov.bd তে তা Update আকারে দেখা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর অরুন চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

